



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

বাংলাদেশের
সুপ্রভাত, যশস্বী
Bangladesh



কুমুদিনী সরকারি কলেজ, টাঙ্গাইল।

কলেজ কোড: ঢাকা শিক্ষা বোর্ড : ৪৫২৫, E.I.N : ১১৪৭৪৩, জাতীয় বিশ্ববিদ্যালয় : ৫৩০৭
e-mail : kgc10.tangail@gmail.com web: www.kgc.ac.bd, Phone: 02997752601

তারিখ: ২২/০৩/২০২৩ খ্রি.

বিজ্ঞপ্তি

কুমুদিনী সরকারি কলেজ, টাঙ্গাইলের সকল শিক্ষার্থীকে জানানো যাচ্ছে যে, ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৩ যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে কুমুদিনী সরকারি কলেজে বিভিন্ন কর্মসূচির অংশ হিসেবে কবিতা আবৃত্তি ও রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। সকল শ্রেণির আগ্রহী শিক্ষার্থীদের প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য নির্ধারিত সময়ে উপস্থিত থাকার জন্য বলা হলো। নিম্নে প্রতিযোগিতার বিস্তারিত উল্লেখ করা হলো:

ক্র. নং	বিষয়	বিষয়ের নাম	তারিখ, সময় ও কক্ষ নং
১.	রচনা প্রতিযোগিতা	মাননীয় প্রধানমন্ত্রীর স্বপ্নের স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে আমাদের করণীয়	সর্বোচ্চ ১০০০ শব্দের রচনা স্বহস্তে লিখে আগামী ২৫ মার্চ ২০২৩ তারিখ দুপুর ৪:০০ টার মধ্যে দর্শন বিভাগের প্রভাষক জনাব নূর-ই-লায়লা এর নিকট জমা দিতে হবে। (০১৬৭৪০৭৩৩২৫)
২.	নির্ধারিত কবিতা আবৃত্তি	তোমাকে পাওয়ার জন্য হে স্বাধীনতা- কবি: শামসুর রাহমান।	২৬/০৩/২০২৩ খ্রি. সকাল ৮.৩০ টায় কক্ষ নং ৪০৩

প্রতিস্বাক্ষর

(প্রফেসর মো: বদরুল আলম)

অধ্যক্ষ

কুমুদিনী সরকারি কলেজ

টাঙ্গাইল

আহ্বায়ক

মহান স্বাধীনতা ও জাতীয় দিবস

উদযাপন কমিটি-২০২৩

কুমুদিনী সরকারি কলেজ, টাঙ্গাইল।

তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা
- শামসুর রাহমান...সংকলিত (শামসুর রাহমান)

তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা,
তোমাকে পাওয়ার জন্যে
আর কতবার ভাসতে হবে রক্তগঙ্গায় ?
আর কতবার দেখতে হবে খাণ্ডবদাহন ?

তুমি আসবে ব'লে, হে স্বাধীনতা,
সাকিনা বিবির কপাল ভাঙলো,
সিঁথির সিঁদুর গেল হরিদাসীর।
তুমি আসবে ব'লে, হে স্বাধীনতা,
শহরের বুকে জলপাইয়ের রঙের ট্যাঙ্ক এলো
দানবের মত চিৎকার করতে করতে
তুমি আসবে ব'লে, হে স্বাধীনতা,
ছাত্রাবাস বস্তি উজাড় হলো। রিকয়েললেস রাইফেল
আর মেশিনগান খই ফোটালো যত্রতত্র।
তুমি আসবে ব'লে, ছাই হলো গ্রামের পর গ্রাম।
তুমি আসবে ব'লে, বিধ্বস্ত পাড়ায় প্রভুর বাস্তুভিটার
ভগ্নস্তুপে দাঁড়িয়ে একটানা আর্তনাদ করলো একটা কুকুর।
তুমি আসবে ব'লে, হে স্বাধীনতা,
অবুঝ শিশু হামাগুড়ি দিলো পিতামাতার লাশের উপর।

তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা, তোমাকে পাওয়ার জন্যে
আর কতবার ভাসতে হবে রক্তগঙ্গায় ?
আর কতবার দেখতে হবে খাণ্ডবদাহন ?
স্বাধীনতা, তোমার জন্যে এক থুপ্পুরে বুডো
উদাস দাওয়ায় ব'সে আছেন - তাঁর চোখের নিচে অপরাহ্নের
দুর্বল আলোর ঝিলিক, বাতাসে নডছে চুল।
স্বাধীনতা, তোমার জন্যে
মোল্লাবাডির এক বিধবা দাঁড়িয়ে আছে
নডবডে খুঁটি ধ'রে দক্ষ ঘরের।

স্বাধীনতা, তোমার জন্যে
হাড্ডিসার এক অনাথ কিশোরী শূন্য থালা হাতে
বসে আছে পথের ধারে।
তোমার জন্যে,
সগীর আলী, শাহবাজপুরের সেই জোয়ান কৃষক,
কেস্ট দাস, জেলেপাড়ার সবচেয়ে সাহসী লোকটা,
মতলব মিয়া, মেঘনা নদীর দক্ষ মাঝি,
গাজী গাজী ব'লে নৌকা চালায় উদ্দান ঝড়ে
রুস্তম শেখ, ঢাকার রিকশাওয়ালা, যার ফুসফুস
এখন পোকাকার দখলে
আর রাইফেল কাঁধে বনে জঙ্গলে ঘুড়ে বেডানো
সেই তেজী তরুণ যার পদভারে
একটি নতুন পৃথিবীর জন্ম হ'তে চলেছে -
সবাই অধীর প্রতীক্ষা করছে তোমার জন্যে, হে স্বাধীনতা।

পৃথিবীর এক প্রান্ত থেকে অন্য প্রান্তে জ্বলন্ত
ঘোষণার ধ্বনিপ্রতিধ্বনি তুলে,
মতুন নিশান উড়িয়ে, দামামা বাজিয়ে দিগ্বিদিক
এই বাংলায়
তোমাকেই আসতে হবে, হে স্বাধীনতা।